20756 - ইসলাম ও মুসলমান

প্রশ্ন

প্রশ্ন: ইসলাম ধর্ম ও মুসলমানের ধর্ম এ দুটোর মধ্যে পার্থক্য কী? দুইটা কি একই জিনিস?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আলহামদুলিল্লাহ।

ইসলাম হচ্ছে– তাওহিদের স্বীকৃতি দিয়ে আল্লাহ্‌র প্রতি আত্মসমর্পণ করা, আল্লাহ্‌র প্রতি আনুগত্যের মাধ্যমে নতি স্বীকার করা, শরিক ও শরিককারীদের থেকে মুক্ত থাকা। এটি এমন এক ধর্ম যা আল্লাহ্‌ তাঁর বান্দাদের জন্য মনোনীত করেছেন। "নিশ্চয় আল্লাহ্‌র কাছে একমাত্র মনোনীত ধর্ম ইসলাম"।[সূরা আলে-ইমরান, আয়াত: ১৯] আল্লাহ্‌ আরও বলেন: "আর যে ব্যক্তি ইসলাম ব্যতীত অন্য কোন ধর্ম সন্ধান করবে কস্মিনকালেও, সেটা তার কাছ থেকে গ্রহণ করা হবে না। সে ব্যক্তি আখেরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে"।[সূরা আলে ইমরান, আয়াত: ৮৫]

যে ব্যক্তি ইসলাম গ্রহণ করে তাকে মুসলিম (আত্মসমর্পনকারী) বলা হয়। যেহেতু সে ব্যক্তি আল্লাহ্‌ ও তাঁর রাসূলের পক্ষ থেকে যেসব বিধি-বিধান এসেছে সেগুলোর প্রতি আত্মসমর্পণ করেছে, আনুগত্য করেছে। আল্লাহ্‌ তাআলা বলেন: "যে ব্যক্তি, যে নিজেকে বোকা প্রতিপন্ন করে সে ছাড়া ইব্রাহীমের ধর্ম থেকে কে মুখ ফিরিয়ে নেয়? নিশ্চয়ই আমি তাকে পৃথিবীতে মনোনীত করেছি এবং সে পরকালে সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত"।[সূরা বাকারা, আয়াত: ১৩০-১৩১] আল্লাহ্‌ তাআলা আরও বলেন: "হাঁ, যে ব্যক্তি নিজেকে আল্লাহর উদ্দেশ্যে সমর্পন করেছে (ইসলাম গ্রহণ করেছে) এবং সে সৎকর্মশীলও বটে, তার জন্য তার পালনকর্তার কাছে পুরস্কার রয়েছে। তাদের ভয় নেই এবং তারা চিন্তিতও হবে না"।[সূরা বাক্বারা, আয়াত: ১১২]

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।